# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলা দ্বিতীয় পত্র

রচনামূলক প্রশ্ন

সময় — ২ ঘন্টা পূর্ণমান — ৫০ বিষয় কোড: ১০২

[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

**১. যেকোনো একটি অনুচ্ছেদ রচনা কর ঃ** ৫

(ক) পরিবেশ দূষণ

(খ) চরিত্র

২. (ক) তোমার ছোট ভাইকে এখন থেকেই বিজ্ঞানমনস্ক করে গড়ে তোলার জন্য ভালো ভালো বিজ্ঞান সাময়িকী ও বিজ্ঞানের বই পড়ার উপদেশ দিয়ে একখানা পত্র লেখ। ০৫

অথবা, (খ) অতি বৃষ্টিতে চরমভাবে ক্ষতিগ্রস্ত রাস্তাঘাটের আশু সংস্কারের দাবি জানিয়ে পৌর কর্তৃপক্ষের কাছে একটি দরখাস্ত লেখ।

**৩. সারাংশ লেখ :** ১০

(ক) শ্রমকে শ্রদ্ধার সঙ্গে গ্রহণ কর। কালি-ধুলার মাঝে, রৌদ্র-বৃষ্টিতে কাজের ডাকে নেমে যাও। বাবু হয়ে ছায়ার তলে থাকবার দরকার নেই। এ হচ্ছে মৃত্যুর আয়োজন। কাজের মধ্যে কুবুদ্ধি কুমতলব মানবচিত্তে বাসা বাঁধতে পারে না। কাজে শরীরে সামর্থ্য জন্মে। স্বাস্থ্য, শক্তি, আনন্দ, ফূর্তি সকলই লাভ হয়। পরিশ্রমের পর যে অবকাশ লাভ হয় তা পরম আনন্দের অবকাশ। তখন কৃত্রিম আয়োজন করে আনন্দ করার কোনো প্রয়োজন হয় না। শুধু চিন্তার দ্বারা জগতের হিতসাধন হয় না। মানব সমাজে মানুষের সঙ্গে সঙ্গে কাজে, রাস্তায়-কারখানায়, মানুষের সঙ্গে ব্যবহারে মানুষ নিজেকে পূর্ণ করে।

Teachingbd.com

http://teachingbd.com

অথবা, (খ) শৈশবে সদুপদেশ যাহারা না রোচে,
জীবনে তাহার কভু মর্খতা না ঘোচে
চৈত্র মাসে চাষ দিয়া না বোনে বৈশাখে,
কবে সেই হৈমন্তিক ধান পেয়ে থাকে?
সময় ছাড়িয়া দিয়া করে পণ্ডশ্রম,
ফল চাহে, সেও অতি নির্বোধ অধম।
খেয়া তরী চলে গেলে বসে থাকে তীরে
কীসে পার হবে, তরী না আসিলে ফিরে?

৪. **যেকোনো একটি ভাব-সম্প্রসারণ কর :** ১০

(ক) গ্রন্থগত বিদ্যা পর হস্তে ধন
নহে বিদ্যা, নহে ধন হলে প্রয়োজন।

(খ) চরিত্র মানুষের অমূল্য সম্পদ।

৫. **যেকোনো একটি বিষয়ে প্রতিবেদন লেখ :** ১০

(ক) তোমার বিদ্যালয়ের একুশে ফেব্রুয়ারি উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানমালার বিবরণ দিয়ে একটি প্রতিবেদন রচনা কর।

(খ) 'যানজট একটি ভয়াবহ সমস্যা' এই শিরোনামে একটি প্রতিবেদন রচনা কর।

৬. **যেকোনো ১টি বিষয়ে প্রবন্ধ রচনা কর :** ২০

(ক) অধ্যবসায়

(খ) বাংলার ষড়ঋতু

(গ) আধুনিক শিক্ষায় ইন্টারনেট

Teachingbd.com

## এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বাংলা দ্বিতীয় পত্র: নৈর্ব্যক্তিক অভীক্ষা | বিষয় কোড: ১ ০ ২

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. বাংলা ভাষার শব্দ সম্ভারকে কয় ভাগে ভাগ করা যায়?
ⓚ তিন ভাগে ⓚ পাঁচ ভাগে
ⓖ দুই ভাগে ⓖ চার ভাগে

২. বিভিন্ন ক্ষুদ্র ক্ষুদ্র অঞ্চলের জনগণ যে ভাষায় কথা বলে তার নাম কী?
ক) মৌলিক ভাষা খ) উপভাষা
গ) সাধু ভাষা ঘ) চলিত ভাষা

৩. শব্দের ক্ষুদ্রাংশকে বলা হয়—
ক) রূপ খ) ধ্বনি
গ) বাক্য ঘ) অর্থ

৪. বিভক্তিহীন নাম শব্দকে কী বলে?
ক) প্রাতিপদিক খ) সাধিত শব্দ
গ) সাধিত পদ ঘ) নাম পদ

৫. বাংলায় 'ন' এবং 'ণ' বর্ণে দ্যোতিত ধ্বনি দুটির মধ্যে কী আছে?
ক) ঐক্য খ) পার্থক্য
গ) বৈসাদৃশ্য ঘ) অসমতা

৬. স্বরবর্ণ সংক্ষিপ্তাকারে ব্যঞ্জনবর্ণের সঙ্গে যুক্ত হলে তাকে কী বলা হয়?
ক) কার খ) ফলা
গ) রেখা ঘ) যুক্তবর্ণ

৭. হ-কার লোপ পেয়েছে কোনটিতে?
ক) শা খ) মা
গ) এসো ঘ) থা

৮. অন্যান্য স্বরসঙ্গতির উদাহরণ কোনটি?
ক) দিশি খ) শিকে
গ) বিলিতি ঘ) মুজো

৯. -বর্গীয় বর্ণের সাথে কখনও "ণ" হয় না?
ক) 'চ' খ) 'প'
গ) 'ঘ' ঘ) 'ত'

১০. নিচের কোন বানানটির ক্ষেত্রে দন্ত "ষ" হবে?
ক) বিসন্ন খ) আবিস্কার
গ) স্টেশন ঘ) অনুসঙ্গ

১১. 'অন্তর্গত" এর সন্ধি বিচ্ছেদ কি?
ক) অন্ত + গত খ) অনতঃ + গত
গ) অন্তঃ + গত ঘ) অন্তরঃ + গত

১২. বিশেষ নিয়ম অনুসারে যে সন্ধি হয় তাকে কী বলা হয়?
ক) স্বরসন্ধি
খ) ব্যঞ্জনসন্ধি
গ) নিপাতনে সিদ্ধ সন্ধি
ঘ) বিসর্গ সন্ধি

১৩. আংশিক পরিবর্তন হয়েছে এমন দ্বিরুক্তি কোনটি?
ক) মিটমাট খ) বলা কওয়া
গ) খোঁজ খবর ঘ) ভালো মন্দ

১৪. "জ্বর জ্বর বোধ করছি"— কী অর্থে দ্বিরুক্তি?
ক) সামান্য খ) আধিক্য
গ) পুনরাবৃত্তি ঘ) না থাকা

১৫. কোনটি ক্লীববাচকতার উদাহরণ?
ক) পর্বত খ) শিশু
গ) পরিচালক ঘ) অভিভাবক

১৬. 'আ' প্রত্যয়ান্ত স্ত্রীবাচক শব্দ কোনটি?
ক) মল্লিকা খ) আধুনিকা
গ) পরিচালিকা ঘ) অধ্যাপিকা

১৭. কোনটি সঠিক বহুবচন শব্দ?
ক) ছেলে রাশি খ) বৃক্ষরাজি
গ) গরুরাশি ঘ) ফুলবৃন্দ

১৮. প্রাণীবাচক ও অপ্রাণীবাচকে ব্যবহার হয় কোনটি?
ক) পুঞ্জ খ) কুল
গ) গণ ঘ) শ্রেণী

১৯. সংখ্যাবাচক শব্দ কত প্রকার?
ক) দুই প্রকার খ) তিন প্রকার
গ) চার প্রকার ঘ) পাঁচ প্রকার

২০. "দ্বিতীয় লোকটিকে ডাক"— এ বাক্যের দ্বিতীয় কোন ধরনের সংখ্যা?
ক) তারিখবাচক খ) অঙ্কবাচক
গ) ক্রমবাচক ঘ) গণনাবাচক

২১. "গোটা" বচন বাচক শব্দের কোথায় বসে?
ক) মাঝে খ) শেষে
গ) আগে ঘ) পরে

Teachingbd.com

২২. টি, টা, খানা,খানি, গাছ ইত্যাদি নির্দেশকগুলো কখন ব্যবহৃত হয়?
ক বহুবচন খ স্বল্পতা
গ উভয়বচন ঘ একবচন

২৩. অনুসর্গ কী?
ক শব্দ বিভক্তি খ ক্রিয়া বিভক্তি
গ উপসর্গ ঘ অব্যয়

২৪. "উদ্যম বিহনে কার পুরে মনোরম'— এ বাক্যে "বিহনে" কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক বিষাদ খ ব্যথিত
গ বিষাদময় ঘ ব্যতী

২৫. কার নিজস্ব কোনো অর্থবাচকতা নেই?
ক অনুসর্গের
খ উপসর্গের
গ অব্যয়ের
ঘ ক্রিয়ার

২৬. 'প্রভাব' শব্দটির উপসর্গ কোন শ্রেণির?
ক বাংলা খ সংস্কৃত
গ আরবি ঘ ফার্সি

২৭. ক্রিয়া প্রকৃতির সাথে কোন প্রত্যয় যুক্ত হয়?
ক আই প্রত্যয় খ কৃৎ প্রত্যয়
গ অক প্রত্যয় ঘ তদ্ধিত প্রত্যয়

২৮. বৃহদার্থে প্রত্যয় যুক্ত হয়েছে কোন শব্দে?
ক ডিঙি খ ডাঙ্গা
গ ডোঙা ঘ ডিঙি

২৯. 'ধোপাকে কাপড় দাও।' ধোপাকে কোন কারকে কোন বিভক্তি?
ক অপাদানে সপ্তমী
খ করণে তৃতীয়া
গ অধিকরণে সপ্তমী
ঘ কর্মে দ্বিতীয়া

৩০. অধিকরণ কারক কয় প্রকার?
ক পাঁচ প্রকার খ চার প্রকার
গ দুই প্রকার ঘ তিন প্রকার

৩১. কোন সমাসে সমস্যমান পদে বিভক্তি লোপ পায় না?
ক অলুক খ নিত্য
গ প্রাদি ঘ উপপদ

৩২. 'মহারাজ' শব্দের ব্যাসবাক্য কোনটি?
ক মহান যে রাজা
খ মহৎ যে রাজা
গ সৎ যে রাজা
ঘ মহৎ যে রাজা

৩৩. 'আগে তিনি নিয়মিত ব্যায়াম করতেন।'— এটি কোন অতীত কালের উদাহরণ?
ক নিত্য অতীত খ ঘটমান অতীত
গ নিত্য অতীত ঘ পুরাঘটিত

৩৪. 'ভালো করে পড়লে সফল হবে।'— এটি ক্রিয়ার কোন প্রকার ভাব?
ক সাপেক্ষ ভাব খ অনুজ্ঞা ভাব
গ প্রকাশক ভাব ঘ নির্দেশক ভাব

৩৫. "উলুবনে মুক্তা ছড়ানো"— এ প্রবাদ বাক্যটির সঠিক অর্থ কোনটি?
ক নিষ্প্রয়োজনে মূল্যবান কিছু দেওয়া
খ বনে টাকা পয়সা ছড়ানো
গ অপাত্রে কোনো কিছু দেওয়া
ঘ অস্থানে কিছু বলা

৩৬. "উভয় সংকট" এর প্রবাদ হলো—
ক কিল খেয়ে কিল চুরি
খ গাছে না উঠতেই এক কাঁদি
গ কুল রাখি না মান রাখি
ঘ ঘর থাকতে বাবুই ভেজা

৩৭. 'বাঘের ডাক'— একে এক কথায় কী বলে?
ক নাদ খ গর্জন
গ আজিন ঘ বৃংহিত

৩৮. কোনটি 'মেঘ' শব্দের প্রতিশব্দ নয়?
ক অভ্র খ শাখী
গ ঘন ঘ বারিদ

৩৯. কোনটি পিতা শব্দের সমার্থক শব্দ নয়?
ক জনক খ বাপ
গ সুত ঘ জন্মদাতা

৪০. "মিলন"—এর বিপরীতার্থক শব্দ কোনটি?
ক অমিল খ অমলিন
গ ব্যবধান ঘ বিরহ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | খ | ৩ | ক | ৪ | ক | ৫ | ক | ৬ | ক | ৭ | ক | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | গ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | ক | ১৬ | খ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | গ |
| | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | ঘ | ৩১ | ক | ৩২ | ক | ৩৩ | ক | ৩৪ | ক | ৩৫ | গ | ৩৬ | গ | ৩৭ | খ | ৩৮ | খ | ৩৯ | গ | ৪০ | ঘ |

http://teachingbd.com